দৈনিক
ইত্তেফাক

13 JAN 2017

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধিঃ/চিঃসহাঃ/ম্যাটস-আইএইচটি-ভর্তি/২০১৬-২০১৭/৭০ তারিখ; ১১/০১/২০১৭ইং

## ভর্তি বিজ্ঞপ্তি

**বিষয়: ২০১৬-২০১৭ ইং শিক্ষা বর্ষে বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-তে ২য় দফায় ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি। প্রকাশ থাকে যে, বেসরকারি ইনস্টিটিউটে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর জন্য এই পরীক্ষা বাধ্যতামূলক।**

২০১৬-২০১৭ ইং শিক্ষাবর্ষে স্বাস্থ্য অধিদপ্তরের অধীন বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) এ ৩ (তিন) বৎসর মেয়াদী কোর্স+ ০১ (এক) বৎসর ইন্টার্নশীপসহ ডিপ্লোমা কোর্স এবং ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. ভর্তির যোগ্যতা: ২০১৫ থেকে ২০১৬ ইং সনে এসএসসি/সমমান বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ন্যূনতম জিপিএ ২.৫ (পয়েন্ট) অর্জন করতে হবে। জীববিজ্ঞান বিষয় হিসাবে থাকতে হবে।

০৩. O-Level বা বিদেশ থেকে পাস করেছেন যেসব প্রার্থী, তাদেরকে Director, Medical Education এর কাছ থেকে ২০০০/- টাকার পে-অর্ডার দিয়ে Equivalence Certificate ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরণ করা যাবে না।

০৪. *SMS এবং on line এ আবেদন করার শুরুর তারিখ ২২/০১/২০১৭ রবিবার সকাল ১০ ঘটিকায়। আবেদন করার শেষ তারিখ ৩০/০১/২০১৭ সোমবার রাত ১১-৫৯ মিঃ। পরীক্ষার তারিখ ১০/০২/২০১৭ শুক্রবার। সময় ০১ ঘণ্টা (সকাল: ১০টা-১১টা)।*

০৫. পরীক্ষা সেন্টার ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি মহাখালী, ঢাকা।

০৬. On line-এর মাধ্যমে আবেদন করতে হবে।

০৭. আবেদন ফি ৭০০/- টাকা।

০৮. মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্স ও ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সে অভিন্ন প্রশ্নপত্রে একই সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচিত করা হবে।

০৯. প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরের এক ঘণ্টা লিখিত পরীক্ষায় (বাংলা-১৫, ইংরেজি-১৫, অংক-১৫, পদার্থ-১৫, রসায়ন-১৫, জীববিজ্ঞান-১৫, সাধারণ জ্ঞান-১০) অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। MATS এবং IHT উভয় ক্ষেত্রেই ভর্তি পরীক্ষার ফলাফলের সাথে এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA এর ২০ গুণ যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি GPA X ২০+ লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

১০. ক) ভর্তির সময় ছাত্র-ছাত্রীগণকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে। কোনক্রমেই আন্তঃ অনুষদ মাইগ্রেশনের অনুমতি দেওয়া হবে না।

খ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভর্তি পরীক্ষায় সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

গ) ভর্তির জন্য সাময়িকভাবে নির্বাচিত তালিকা প্রকাশ করা হবে।

১১. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে।

(ক) এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাসের প্রমাণপত্র হিসাবে প্রধান শিক্ষকের দেওয়া প্রশংসাপত্র।

(খ) এসএসসি অথবা সমমানের পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট।

(গ) স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক নাগরিকত্বের সনদপত্র।

(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি।

১২. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য IHT/MATS এর অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

১৩. ভর্তির পর সকল ছাত্র-ছাত্রীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ দ্বারা যাচাই করা হবে এবং উক্ত যাচাইয়ের পর কোন ভুল/মিথ্যা তথ্য বের হলে প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। (একাডেমিক ট্রান্সক্রিপ্ট যাচাই ফি বাবদ প্রত্যেক ভর্তিকৃত ছাত্র-ছাত্রীকে সংশ্লিষ্ট অধ্যক্ষের বরাবরে ২০০/- (দুইশত) টাকা ফি (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে।)

১৪. প্রচলিত কারিকুলাম অনুযায়ী কোর্স পরিচালিত হবে। সাফল্যজনকভাবে সংশ্লিষ্ট কোর্স সম্পন্নকারীর সরকারি চাকরিতে নিয়োগের কোন প্রকার নিশ্চয়তা বা বাধ্যবাধকতা থাকবে না এই মর্মে ভর্তির জন্য মনোনীত প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারিত ফর্মে/ছকে মুচলেকা প্রদান করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট (www.dghs.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে।

১১.১.১৭


অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন: ৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com


সডি-(১০x৪)